

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
কম্পিউটার ও কল্যাণ অনুবিভাগ
ঢাকা।
www.mofa.gov.bd

নং-১৯.০০.০০০০.৫৩০.৬০.০০১.১৭-৬৬৮,

২৬ নভেম্বর ২০১৮

প্রেরক : আরিফ মোহাম্মদ
সিনিয়র সহকারী সচিব (এমআরপি)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব কামরুল আহসান
সচিব (দ্বিপাক্ষিক ও কম্পিউটার)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ০২ ডিসেম্বর ২০১৮ তারিখে দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলার জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিতব্য ‘Global Citizen Festival: Year of Mandela’- অনুষ্ঠানে অংশ গ্রহণের নিমিত্ত বাংলাদেশের প্রতিনিধি দলের দলনেতা জনাব কামরুল আহসান, সচিব (দ্বিপাক্ষিক ও কম্পিউটার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ০২ ডিসেম্বর ২০১৮ তারিখে দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলার জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিতব্য ‘Global Citizen Festival: Year of Mandela’- অনুষ্ঠানে অংশ গ্রহণের নিমিত্ত বাংলাদেশের প্রতিনিধি দলের দলনেতা হিসেবে আপনার অনুকূলে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। বাংলাদেশে দক্ষিণ আফ্রিকার হাইকমিশন না থাকায় এবং দক্ষিণ আফ্রিকা আগমনি ভিসা (Visa On Arrival) না দেয়ার প্রেক্ষিতে আপনি শ্রীলংকার কলম্বোয় দক্ষিণ আফ্রিকার হাইকমিশন হতে প্রয়োজনীয় ভিসা সংগ্রহপূর্বক দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিতব্য উপরিউক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

০৩। উল্লিখিত সরকারি সফরের জন্য আপনি আগামী ২৯ নভেম্বর ২০১৮ অথবা নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং ভ্রমণ শেষে আগামী ০৪ ডিসেম্বর ২০১৮ অথবা নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে দক্ষিণ আফ্রিকা ত্যাগ করবেন।

০৪। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি মোতাবেক পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

-sd-

(আরিফ মোহাম্মাদ)

সিনিয়র সহকারী সচিব (এমআরপি)

ফোন : ৯৫৭৪০৫৫


ইমেইল : asmrp@mofa.gov.bd

নং-১৯.০০.০০০০.৫৩০.৬০.০০১.১৭-

২৬ নভেম্বর ২০১৮

অনুলিপি :

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ/রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ হাইকমিশন কলম্বো ও প্রিটোরিয়া।
- ৮। অফিস কপি।


(আরিফ মোহাম্মাদ) 26.11.18

সিনিয়র সহকারী সচিব (এমআরপি)